

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান অফিস
আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.bbs.chittagong.gov.bd

নং- ৫২.০১.১৫০০.০০০.০৬.০৪১.২৩-২৭৬

তারিখ: ১২ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত “Multiple Indicator Cluster Survey (MICS) - ২০২৪” শীর্ষক প্রকল্পে মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় Multiple Indicator Cluster Survey (MICS) - ২০২৪ প্রকল্পের আওতায় শিশু ও নারী সম্পর্কিত প্রয়োজনীয় উপাত্ত সংগ্রহের মাধ্যমে তাদের বাস্তব পরিস্থিতি সম্পর্কে ধারণা পাওয়া যায়। এই প্রাপ্ত তথ্য-উপাত্ত তাদের উপযোগী নীতিমালা তৈরি, পরিকল্পনা গ্রহণ ও কর্মসূচি প্রণয়নসহ দেশের নারী ও শিশুর জীবনযাত্রার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ। এই জরিপের ফলাফল আমাদের অভীষ্ট ১, ৩, ৪, ৫, ৬, ৭, ১১, ১৬ ও ১৭ -এর আওতায় টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)’র নির্বাচিত বিভিন্ন সূচক পরিবীক্ষণসহ পরবর্তী নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সামাজিক-জনমিতিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদদের প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

০২। চট্টগ্রাম জেলায় ৯৪ টি ক্লাস্টার বা নমুনা গণনা এলাকা (EA) হতে Multiple Indicator Cluster Survey (MICS) ২০২৪ এর মাঠ পর্যায়ের কাজ CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে আগামী ২৮শে অক্টোবর ২০২৪ খ্রি. হতে ১০ অক্টোবর ২০২৪ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। চট্টগ্রাম জেলায় ০১ (এক) জন বিভাগীয় সমন্বয়কারী এবং ০১ (এক) জেলা সমন্বয়কারীর তত্ত্বাবধানে ২৫ জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহে কাজে নিয়োজিত থাকবে।

০৩। বর্ণিতাবস্থায়, জাতীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে তথ্য সংগ্রহকারীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

প্রাপক

.....
.....
.....


(মোহাম্মদ ওয়াহিদুর রহমান)

উপপরিচালক

বিসিএস (পরিসংখ্যান)

ফোনঃ ০২-৪১৩-৭০১০৩

মোবাইল: ০১৯১১-৫৮৩৪৭৫

ইমেইল: wahidbbs.bd@gmail.com